NOV. 22 2001

ভোরের কাগজ

তারিখ ...............
পৃষ্ঠা ৫ .. কলাম .. ৮......

# টেক্সটাইল ইনস্টিটিউটের শিক্ষক-কর্মচারীরা অনির্দিষ্টকাল ধর্মঘটে

টাঙ্গাইল প্রতিনিধি : বেতন-ভাতা প্রদানসহ ৬ দফা বাস্তবায়নের দাবিতে টাঙ্গাইলসহ দেশের ৬টি টেক্সটাইল ইনস্টিটিউটের শিক্ষক-কর্মচারীরা গতকাল বুধবার থেকে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করেছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষ থেকে তিন বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স প্রবর্তন করে বস্ত্র দপ্তরের মাধ্যমে সরকার 'ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি' শীর্ষক প্রকল্প গ্রহণ করে। এর মেয়াদ ছিল '৯৬ সালের জুন পর্যন্ত। পরবর্তী সময়ে সংস্থাপন মন্ত্রণালয়ের সুপারিশে প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তর করা হয়। কিন্তু রিটেনশনের অজুহাতে এ বছর জুলাই থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত ৬টি ইনস্টিটিউটের ৮১টি পদের বেতন ও ভাতাদি বন্ধ হয়ে যায়। এ ছাড়াও আধুনিকীকরণ প্রকল্পের আওতায় নিয়োগকৃত ১৪৪ জন শিক্ষক-কর্মচারীর চাকরির মেয়াদও গত জুনে শেষ হয়েছে। ফলে এসব শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা ৪ মাস যাবৎ বন্ধ রয়েছে।

বাংলাদেশ টেক্সটাইল শিক্ষক সমিতি, টাঙ্গাইল আঞ্চলিক কমিটি গতকাল বুধবার টাঙ্গাইল প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে ৬ দফা দাবি মেনে নেওয়ার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছে।

উল্লেখ্য, টাঙ্গাইল ছাড়াও চট্টগ্রাম, বরিশাল, নোয়াখালী, পাবনা ও দিনাজপুরে টেক্সটাইল ইনস্টিটিউট রয়েছে এবং সেখানেও কর্মবিরতি পালিত হচ্ছে।